দক্ষিন আফ্রিকায় নিহতদের লাশ দাফন সম্পন্ন

দক্ষিন আফ্রিকায় সন্ত্রাসীদের গুলীতে নিহত শরীয়তপুরের দুজনের লাশ রোববার সকাল ১১টায় জানাযা শেষে নিজ নিজ বাড়ির কবরস্থানে দাফন সম্পন্ন করা হয়েছে।
এরা হচ্ছেন নড়িয়া উপজেলার কাপাশপাড়া গ্রামের ইব্রাহিম মোল্যার ছেলে আলম ম্যোলা (৩৪) ও ভেদরগঞ্জ উপজেলার কাইছকুড়ি গ্রামের মৃত শহর আলী মাঝির ছেলে উজ্জল মাঝি (৩২)।

শনিবার বিকেল ৫টায় একটি বিমানে করে নিহতদের মরদেহ দক্ষিন আফ্রিকা থেকে ঢাকার শাহজালাল আর্ন্তজাতিক বিমান বন্দরে এসে পৌছায়। রাতেই লাশ বাড়ি নিয়ে আসে। লাশ বাড়ি আনার পর স্বজন ও পাড়া প্রতিবেশীরা ভিড় জমায়। এ সময় স্বজনেরা কান্নায় ভেঙ্গে পড়ে। তাদের আহাজারিতে আকাশ বাতাস ভারী হয়ে উঠে।
গত ২৫ আগষ্ট বাংলাদেশী সময় রাত ১১টায় সন্ত্রাসীদের গুলীতে এরা দুজন সহ বাংলাদেশী তিনজন নিহত হয়। একই ঘটনায় আরো ২ জন আহত হয়। আইনী প্রক্রিয়া শেষ করে লাশ বাড়িতে পাঠানো হয়। উজ্জল মাঝি ১১ বছর পূর্বে দক্ষিন আফ্রিকা ক্যাপটাউন শহরে একটি মুদি দোকানের ব্যবসা করতেন। আর আলম মোল্যা দেড় বছর পূর্বে সেখানে গিয়ে তার দোকানে কর্মচারী ছিলেন।